



ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২

e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক- ১৭/১৬৩/২২

তারিখ: ১৯/০১/২০২২

অফিস বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে সম্মান শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত বিষয়গুলো অবশ্যই পালন করতে হবে :

- (ক) কোন ক্লাসে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকা যাবে না।
- (খ) পর পর ৩(তিন) দিন বিনা অনুমতিতে ক্লাসে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল করা হবে। পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ১(এক) বার ১ মাসের টিউশন ফি প্রদান করে পুনঃভর্তি হতে পারবে।
- (গ) কোন কারণে ক্লাসে অনুপস্থিত হলে শিক্ষার্থীদেরকে স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যানদের নিকট হতে অনুমতি পত্র নিয়ে ক্লাসে প্রবেশ করতে হবে।
- (ঘ) ৯:৩০টার মধ্যে অবশ্যই কলেজে প্রবেশ করতে হবে।
- (ঙ) প্রত্যেক পরীক্ষায় অংশগ্রহণ ও পাস করা বাধ্যতামূলক।
- (চ) কলেজের অভ্যন্তরে মোবাইল ফোন বহন ও ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। শিক্ষা সামগ্রী ছাড়া অন্য কোন সামগ্রী যেমন: পেন ড্রাইভ, MP₃, CD, Camera ইত্যাদি কলেজে বহন ও ব্যবহার নিষিদ্ধ।
- (ছ) শ্রেণিকক্ষে বরাদ্দকৃত সীটে আসন গ্রহণ করতে হবে। অন্য কারো সীটে বসা যাবে না।
- (জ) ছাত্রদের চুল, দাঁড়ি, চিপ, বেপ্ট, জুতা, ইউনিফর্ম কলেজের নিয়ম অনুযায়ী ঠিক না থাকলে উক্ত শিক্ষার্থীকে কলেজে প্রবেশ করতে দেয়া হবে না।
- (ঝ) ছাত্রীদের কলেজ প্রসপেক্টাসের নিয়মাবলী ও ছাত্রী কল্যাণে দায়িত্বরত শিক্ষিকাদের নির্দেশাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।
- (ঞ) কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে ক্লাস ক্যাপ্টেনগণ দায়িত্ব পালন করবে ও ক্লাসের শৃঙ্খলা বজায় রাখতে অন্যান্য শিক্ষার্থীরা ক্যাপ্টেনকে সহযোগিতা করবে।
- (ট) কলেজে ইউনিফর্ম পরিহিত অবস্থায় ফেসবুক বা অন্য কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে কোন প্রকার আপত্তিকর ছবি আপলোড করা যাবে না।

সর্বোপরি যে কোনো সমস্যার ব্যাপারে স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যানদের সাথে শিক্ষার্থীদের যোগাযোগ করতে হবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ